(খ) একটি নির্দিষ্ট বছরে কোনো দেশের উৎপাদনের উপাদান সমূহের দ্বারা উৎপাদিত যাবতীয় দ্রব্য ও সেবার অর্থমূল্যের সমষ্টিকে স্থূল জাতীয় উৎপাদন (GNP) বলে। অন্যদিকে একটি নির্দিষ্ট সময়ে কোনো দেশের জাতীয় সীমানার অভ্যন্তরে যে পরিমাণ দ্রব্য এবং সেবা সৃষ্টি হয় তার অর্থমূল্যের সমষ্টিকে স্থূল অভ্যন্তরীণ উৎপাদন বলা হয়। কিন্তু স্বদেশের নাগরিকরা বিদেশে কোনো সংস্থায় কর্মরত থেকে মজুরি বা বেতন উপার্জন করতে পারে। আবার বিদেশি নাগরিকরাও এই দেশে কর্মরত থাকতে পারে। ভারতীয় নাগরিকরা বিদেশে মূলধন বিনিয়োগ করে সুদ উপার্জন করতে পাররে। তেমনি ভারতেও বিদেশি মূলধন বিনিয়োগকারীরা মূলধন বিনিয়োগ করে সুদ উপার্জন করতে পারে। কিন্তু GDP-এর হিসাবে এই সকল বিষয় অন্তর্ভুক্ত হয় না।

যদি GDP-এর হিসাবের সঙ্গে কোনো দেশের উপাদানগুলির বিদেশ থেকে প্রাপ্ত নিট সম্পত্তি আয় (Net property income earned abroad) যুক্ত করা হয়, তবে GNP-এর হিসাব পাওয়া যায়।

∴ GDP + স্বদেশি উপাদানগুলির বিদেশ থেকে প্রাপ্ত নিট সম্পত্তি আয় (F) = GNP

অথবা, বাজার মূল্যে GDP + F = বাজার মূল্যে GNP

অথবা, $GDP_{mp} + F = GNP_{mp}$.

এক্ষেত্রে F = দেশীয় উপাদানগুলির বিদেশ থেকে প্রাপ্ত মজুরি, বেতন, সুদ ইত্যাদি।
(–) স্বদেশে ব্যবহৃত বিদেশি উপাদানগুলিকে প্রদত্ত মজুরি, বেতন, সুদ ইত্যাদি।

অর্থাৎ $F > 0$ হলে, $GNP > GDP$ হবে, এবং
$F < 0$ হলে, $GNP < GDP$ হবে